# 10776 - ঈমান বৃদ্ধির কারণগুলো কী কী?

প্রশ্ন

ঈমান বৃদ্ধির কারণ কী?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

ঈমান বৃদ্ধির কারণগুলো:

প্রথম কারণ:

আল্লাহ্‌কে তার নাম ও গুণসমূহসহ জানা। নিঃসন্দেহে মানুষ আল্লাহ্‌কে যতবেশি জানবে, তাঁর নাম ও গুণগুলোকে যতবেশি জানবে; ততই তাঁর ঈমান বৃদ্ধি পাবে। এ কারণে আপনি দেখবেন যে সকল আলেমে আল্লাহ্‌র নাম ও গুণাবলী জানেন এই দিক থেকে তাদের ঈমান যারা তাঁর নাম ও গুণগুলো জানেন না তাদের চেয়ে শক্তিশালী।

দ্বিতীয় কারণ:

আল্লাহ্‌র সৃষ্টিগত নিদর্শন ও শরয়ি নিদর্শনগুলো নিয়ে চিন্তাভাবনা করা। কেননা মানুষ যখনই আল্লাহ্‌র সৃষ্টিগত নিদর্শন নিয়ে চিন্তাভাবনা করবে তার ঈমান বেড়ে যাবে। আল্লাহ্‌ তাআলা বলেন: ‘আর নিশ্চিত বিশ্বাসীদের জন্য জমিনে অনেক নিদর্শন রয়েছে / এবং তোমাদের নিজেদের মধ্যেও। তবুও তোমরা কি (ভেবে) দেখবে না***?”*****[**সূরা যারিয়াত**,** আয়াত: ২০-২১**]**

এ সংক্রান্ত আয়াত অনেক। অর্থাৎ মানুষ এই মহাবিশ্ব নিয়ে চিন্তাভাবনা করার মাধ্যমে যে তার ঈমান বাড়ে সেটি প্রমাণকারী আয়াত।

তৃতীয় কারণ**:**

অধিক ইবাদত। কারণ ব্যক্তির নেক আমল যত বাড়বে তার ঈমান ততবেশি বাড়বে**;** সেই ইবাদত বাচনিক হোক কিংবা কর্মগত হোক। যিকির ঈমানকে পরিমাণগত ও গুণগত দিক থেকে বৃদ্ধি করে। অনুরূপভাবে নামায**,** রোযা ও হজ্জ পরিমাণগত ও গুণগত দিক থেকে ঈমানকে বৃদ্ধি করে।